তারিখ · 25 APR 2016 ··· ···
পৃষ্ঠা ···৫··· কলাম···২··· ······

কালের কণ্ঠ

# এনএইচএসপিসি প্রতিযোগিতায় সেরা ১০০ শিক্ষার্থী

**টেক প্রতিদিন ডেস্ক ▷**

জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার (এনএইচএসপিসি) চূড়ান্ত আসরে প্রোগ্রামিং প্রতিযোগিতায় সিনিয়র ও জুনিয়র বিভাগে সেরা হয়েছে ৪০ শিক্ষার্থী। কুইজ প্রতিযোগিতায় জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি বিভাগে সেরা হয়েছে ৬০ শিক্ষার্থী। গতকাল খামারবাড়ীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে দেশের বিভিন্ন জেলায় অনুষ্ঠিত ১৬টি আঞ্চলিক প্রতিযোগিতার প্রোগ্রামিং ও কুইজ বিভাগে বিজয়ী ১২ শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। ষষ্ঠ থেকে দ্বাদশ পর্যায়ের শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে আগ্রহী করে তোলার পাশাপাশি প্রোগ্রামিং দক্ষতা বৃদ্ধির জন্য এ প্রতিযোগিতার আয়োজন করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ। সকালে প্রতিযোগিতার উদ্বোধন করে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ জানান, তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তির জ্ঞান সম্পর্কে ভালো ধারণা দিতে হবে। শিক্ষার্থীদের নিয়ে বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। কম্পিউটারের নিজস্ব ভাষা আছে। প্রোগ্রামিংয়ের সেই ভাষা জেনে বিশ্বের বিভিন্ন দেশের সঙ্গে প্রতিযোগিতা করে এগিয়ে যেতে হবে। প্রোগ্রামিং শুধু কম্পিউটার প্রকৌশলীদের জানলে চলবে না, সব পেশাজীবীকে এগিয়ে যেতে প্রোগ্রামিংয়ের বিকল্প নেই। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রবি আজিয়াটা লিমিটেডের প্রধান নির্বাহী ও ব্যবস্থাপনা পরিচালনক সুপুন বীরা সিংহে ও বাংলাদেশ ওপেনসোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান।